

কারিগরি শিক্ষা, সমৃদ্ধ
বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
www.techedu.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩৮.০০১.১৮.১৩৯৩

তারিখ: ২০ কার্তিক ১৪২৫

০৪ নভেম্বর ২০১৮

বিষয়: সিলেট টেকনিক্যাল স্কুল ও কলেজের ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর জনাব মোঃ আসলাম এর মঞ্জুরীকৃত টাইমস্কেলের অর্পিত সুবিধা না পাওয়া প্রসঙ্গে।

সূত্র: সিলেট টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-পিএফ/১৫৩/১০৭২(২) তারিখ: ০১/০৭/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট টেকনিক্যাল স্কুল ও কলেজের ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর জনাব মোঃ আসলাম এর মঞ্জুরীকৃত টাইমস্কেলের অর্পিত সুবিধা না পাওয়া সংক্রান্ত একখানা পত্র পাওয়া গেছে।

২। প্রেরিত পত্রটি যাচাই করে দেখা যায় যে, জনাব মোঃ আসলাম ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া থাকাকালীন অত্র অধিদপ্তরের ১৯/০৯/২০১৩ খ্রিঃ তারিখে ৩৭.০৩.০০০০.০৪০.১৮.০৭৫.১৩.৫৭৮ স্মারকমূলে ১ম, ২য় ও ৩য় টাইমস্কেল মঞ্জুর হয়। কিন্তু তিনি জেলা হিসাব রক্ষণ অফিস, বগুড়া হতে মঞ্জুরকৃত টাইমস্কেলের আর্থিক সুবিধা উত্তোলন করতে পারেননি। জেলা হিসাব রক্ষণ অফিস, বগুড়া ফেরত স্মারক লিপির ২১/০১/২০১৪ তারিখে জানান যে, উন্নয়ন প্রকল্পের কর্মরত কর্মচারীদের প্রকল্পের চাকুরীকাল গণনা করে টাইমস্কেলে বেতন নির্ধারণ করা বিধি সম্মত নয় উল্লেখপূর্বক এস,আর-৩ নং-১৮২ তারিখ: ২০/০৬/২০০৫ বিধি অনুসারে চাকরি বহির্ভি আপত্তি দিয়ে ফেরত দেয়।

৩। এমতাবস্থায়, জনাব মোঃ আসলাম এর প্রকল্পের চাকুরীকাল বাদ দিয়ে নতুন করে টাইমস্কেলের প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



৪-১১-২০১৮

ড. মো: নুরুল ইসলাম
পরিচালক

অধ্যক্ষ, সিলেট টেকনিক্যাল স্কুল ও কলেজ, সিলেট।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩৮.০০১.১৮.১৩৯৩/১

তারিখ: ২০ কার্তিক ১৪২৫

০৪ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১) অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

২) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, সিলেট।

৩) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বগুড়া।

৪) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

৫) জনাব মোঃ আসলাম, ইলেকট্রিশিয়ান কাম পাম্প অপারেটর, সিলেট টেকনিক্যাল স্কুল ও কলেজ, সিলেট।

৬) সংরক্ষণ নথি।



৪-১১-২০১৮

মোহাম্মদ সাজ্জাদ মুফতী
সহকারী পরিচালক